



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৮ সেপ্টেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

## ইউপিডিএফ কাউকে মেরে ফেলার হুমকি দেয়নি : সচিব চাকমা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর কেন্দ্রীয় কমিটির অন্যতম গুরুত্বপূর্ণ নেতা সচিব চাকমা আজ রবিবার ৮ সেপ্টেম্বর ২০১৯ এক বিবৃতিতে দু'একটি সংবাদ মাধ্যমে প্রকাশিত অভিযোগ প্রত্যাখান করে বলেছেন ইউপিডিএফ জাতীয় সংসদ নির্বাচনসহ বিভিন্ন নির্বাচনে অংশ নেয়া একটি গণতান্ত্রিক দল, তাই তার বিরুদ্ধে কাউকে গুলি করে মেরে ফেলার হুমকি দেয়ার অভিযোগ সম্পূর্ণ অবাস্তব ও ভিত্তিহীন।

বিবৃতিতে তিনি উক্ত অভিযোগকে গালগল্প আখ্যায়িত করে বলেন, 'বাঘাইছড়ি থানার অফিসার ইনচার্জ এম এ মনজুর'সহ তথাকথিত 'সন্ত্রাস বিরোধী অভিযানে সম্পৃক্ত থাকা যৌথ বাহিনীর বিভিন্ন কর্মকর্তাদের গুলি করে মেরে ফেলার হুমকি' দেয়া হচ্ছে বলে ইউপিডিএফ-এর বিরুদ্ধে যে অভিযোগ করা হয়েছে তাতে সত্যতার লেশমাত্র নেই।

তিনি বলেন ইউপিডিএফ-এর ভাবমূর্তি ক্ষুণ্ণ করতে ও পার্টির বিরুদ্ধে চলমান রাজনৈতিক দমন পীড়নকে জায়েজ করতে সুপারিকল্পিতভাবে ও উদ্দেশ্যপ্রণোদিতভাবে এ ধরনের অপপ্রচার চালানো হচ্ছে।

সচিব চাকমা ইউপিডিএফ-এর সশস্ত্র শাখা থাকার অভিযোগ সম্পূর্ণ প্রত্যাখান করেন এবং যে মুঠোফোনের নম্বর থেকে বাঘাইছড়ি থানার ওসিকে হুমকি দেয়া হয়েছে সেটি কার তা যাচাই করে যথাযথ ব্যবস্থা নেয়ার দাবী জানান। তিনি ১২ ডিজিটের উক্ত নম্বরটি (০১৩০২৫৮৩০০০৩) ভুল বলেও উল্লেখ করেন।

ইউপিডিএফ নেতা হত্যার রাজনীতিতে বিশ্বাসী নয় উল্লেখ করে সকলকে একটি বিশেষ মহলের উপরোল্লিখিত অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার আহ্বান জানান।

এছাড়া তিনি ইউপিডিএফ-এর উপর রাজনৈতিক দমন পীড়ন বন্ধ করে অবিলম্বে পার্বত্য চট্টগ্রামে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনার জন্য সরকারের কাছে জোর দাবী জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।